

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।


স্মারক নং-ওএম-৩৯সি-১/০৭/২০২১০

তারিখঃ ২৫/১২/২০১১

“অফিস আদেশ”

জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী সরকারি কলেজ/বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত সকল প্রথম শ্রেণীর কর্মকর্তার ২০১১ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন ৩১/০৩/২০১২ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরে দাখিল করতে হবে। সময়মত বার্ষিক গোপনীয় অনুবেদন না পৌঁছানোর কারণে পদোন্নতিসহ বিভিন্ন ধরনের কার্যক্রমে জটিলতার সৃষ্টি হয় এবং বার্ষিক গোপনীয় অনুবেদন সংরক্ষণের স্বাভাবিক প্রক্রিয়া ব্যাহত হয়। এসিআর জমা নেওয়ার সময় কারো কারো এসিআর-এ কিছু অসংঙ্গতি লক্ষ্য করা যায়। যেমন-অস্বাভাবিক বিলম্বে এসিআর দাখিল, অগ্রায়ন (ফরওয়ার্ডিং) না থাকা, এসিআর-এ মেয়াদ উল্লেখ না থাকা, সকল কলাম পূরণ না করা, অনুবেদনাধীন কর্মকর্তা সম্পর্কে লিখিত মূল্যায়ন না করা, মূল্যায়নের নম্বর ঘষামাজা, ফুইড ব্যবহার, বিষয় ও মূলপদ উল্লেখ না থাকা, বিসিএস/মেধা উল্লেখ না থাকা, সঠিক অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্তৃক এসিআর অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর না করা, ফরম প্রচলনের পূর্বের তারিখের ফরম ব্যবহার করে বর্তমান এসিআর ফরম ব্যবহার, কয়েক বছরের এসিআর একত্রে দাখিল ইত্যাদি। এসব অসংঙ্গতিপূর্ণ এসিআরসমূহ গ্রহণযোগ্য নয়। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত এসিআর কোনভাবেই গ্রহণ করা হবে না।

প্রতিবছর ৩১শে মার্চের মধ্যে সকল কর্মকর্তার বার্ষিক গোপনীয় অনুবেদন অধিদপ্তরে না পৌঁছানো প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার দায়িত্বে অবহেলা বলে বিবেচিত হবে।



(প্রফেসর মোঃ আবুল কাসেম মিয়া)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
ফোন : ৯৫৬৩৪৩৯

স্মারক নং- ওএম -৩৯সি-১/০৭/

তারিখঃ /১২/২০১১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইলঃ-

- ০১। মহাপরিচালক, নায়েম/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড- ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/ বরিশাল/ দিনাজপুর/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা/এনসিটিবি।
- ০৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর/ব্যানবেইস, ঢাকা।
- ০৪। প্রকল্প পরিচালক -----।
- ০৫। অধ্যক্ষ -----।
- ০৬। সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ঢাকা।
- ০৭। সচিব, বি.এন.সি.ইউ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। সংরক্ষণ নথি।


(প্রফেসর মোঃ আবুল কাসেম মিয়া)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।